

HIGH COURT OF TRIPURA
COMPETITIVE EXAMINATION FOR DIRECT RECRUITMENT TO
GRADE-III OF THE TRIPURA JUDICIAL SERVICE (TJS), 2020

BENGALI

100 Marks
[Duration: 3 hours]

1. Translate the following English passage into Bengali **25 marks.**

[নিম্নে উদ্ধৃত ইংরেজী অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর]

The theme of "openness" of the fields, forest, and their homes, unencumbered by concrete walls and iron gates, was recurrent in women's stories of dispossession. Older women recounted spending hours, sometimes from 9.00 am until 2.00 pm, in the forests, gathering wood, grass, fruit, and herbs. For many younger women, who went to the forest for picnics and not always for work, the openness of their orchard in Badwan offered occasional and welcome refuge from the confines of domestic life. Haunted by the uncertainties of the future, however, the present was punctuated with fear and remorse. The thought of abandoning their land, their *watan* (homeland) and "mother," made them tearful as they asserted how the openness of their lands and forests meant that they were "free" too. Women's freedom was their ability to do *chakraat* (walks or picnics) to roam in their fields and in their highland pastures, a freedom they would lose in the city. This freedom was place-based and, therefore, also precarious. It was structured by local regulations and cultural codes, most of which would shift once people moved into towns or cities, leaving women vulnerable to new and unfamiliar modes of order and propriety. "Living their lives with 10 marlas" (one 160th of an acre), thus made them terribly anxious, as they saw it as an assault on their right to freedom and mobility.

Scholars have shown how displacement intensifies relations of power instead of reconstituting hierarchical relationship between men and women. As displaced communities struggle with the loss of their homes and identities, such social crises can potentially translate into stricter regulations for women considered to be repositories of community honour and integrity. For Gurezi women, thus, the cultural and linguistic

unfamiliarity of neighbouring towns and villages (given that many older women spoke Shina and not Kashmiri), filled them with uncertainties about their ability to sustain their social freedoms in other places.

And, this freedom was as social as it was economic. Women cringed at the thought of having to buy *rajma* (beans) or potatoes, part of their staple diet, and crops that Gurezis deem to be the "best and sweetest in the entire state," from the market.

"Here, we grow these ourselves, care for them. It is our wish if we want to eat or sell them, out in the towns we will have to buy these from the bazaar. Most women recognised that contrary to what the government officials were promising, a forced migration into the cities and towns would not automatically translate into "opportunities for upward mobility," especially for women who would not enjoy the bodily freedom or forms of economic self-sufficiency that living close to a river or a forest afforded.

2. Translate the following Bengali passage into English

25 marks.

[নিম্নে উদ্ধৃত বাংলা অনুচ্ছেদটি ইংরেজীতে অনুবাদ কর]

এজাহারে যা তালাত বলেছিলেন, তার সঙ্গে বিন্দুমাত্র মিল নেই। এবং এই অমিলের থেকেও বড় কথা, আদালতে দেওয়া বয়ানেও অজস্র অসঙ্গতি। রাত এগারোটায় কেন দরজা খুলে রাখলেন? ব্যাখ্যা নেই। এতদিন পর রবি হঠাৎ কেন 'কাকু'-র শরীরের খোঁজ নিতে প্রায় মাঝরাতে এমএলএ হস্টেলে চলে এল? মতিনের উল্লেখ কোথাও নেই স্বীকারোক্তিতে? নেই। তালাত বলেছেন, পড়ে গিয়ে জ্ঞান হারিয়েছিলেন। ঘটনার পরদিন প্রাথমিক চিকিৎসার সময় শরীরের কোথাও দৃশ্যমান আঘাত ছিল না, মাথাতেও নয়। একমত হলেন গোয়েন্দারা, ইনি কঠিন মহিলা, হয় মিথ্যা, নয় অর্ধসত্য বলছেন।

সিদ্ধান্ত হল, রবিকে তো আগে ধরা হোক। জেরা করলেই 'দুধ কা দুধ, পানি কা পানি' হয়ে যাবে। রবি শিকদার, বয়স পয়ত্রিশ - ছত্রিশ। ধরা হল নদিয়ার বাড়ি থেকে, নিয়ে আসা হল কলকাতায়।

এরপর যা ঘটল, তার জন্য প্রস্তুত ছিলেন না পোড়খাওয়া গোয়েন্দারাও। জানা গেল, রবি কিছুদিন গাড়ি চালিয়েছিলেন রমজানের। কাজ করেছিলেন ব্যক্তিগত সহায়ক হিসেবেও। বেশ কয়েক মাস আগে অন্য চালক নিয়োগ করেন রমজান। সেই থেকে নদিয়ার বাড়িতেই থাকেন,

জমিজমা দেখাশোনা করেন। চাকরি যাওয়ার পর তালাতের সঙ্গে কোনও যোগাযোগ নেই, দেখাও হয়নি কখনও। রবি স্পষ্ট বললেন, তালাতকে 'দিদি' বলে ডাকতেন, প্রশ্ন নেই দূরতম কোনও অবৈধ সম্পর্কের। আরও জানালেন জোর গলায়, কলকাতায় শেষ এসেছেন মাসছয়েক আগে। ঘটনার দিন তিনি নদিয়াতেই ছিলেন।

রবিকে নিয়ে পুলিশের বিশেষ টিম রওনা হয়ে গেল নদিয়ায়। খোঁজখবর-জিজ্ঞাসাবাদ করে পুলিশ নিশ্চিত হল, রবি সত্য বলছেন। ঘটনার দিন নিজের গ্রামের বাড়িতেই ছিলেন। অসংখ্য সাক্ষী রয়েছে। আদালতে রবির জামিনের আবেদনের বিরোধিতা করল না পুলিশ। রেহাই পেলেন নির্দোষ যুবক।

এদিকে কাগজে ফলাও করে প্রচার হয়েছে রবি ধরা পড়ার পর থেকে, চর্চা হয়েছে তালাতের স্বীকারোক্তি নিয়ে। 'স্বীর প্রাক্তন প্রেমিকের রোষেই খুন রমজান' শীর্ষক খবর বেরিয়েছে সর্বত্র। রবির জামিনের পর আর - এক প্রস্থ নিন্দেয়মন্দ সহ্য করতে হল আমাদের।

অতঃকিম? লালবাজার ঠিক করল, শূন্য থেকে শুরু করা ছাড়া উপায় নেই। মূলত তিনটে সিদ্ধান্ত হল।

এক, আবার জিজ্ঞাসাবাদ করা হবে সেই রাতে হস্টেলে থাক সমস্ত আবাসিক-কর্মীদের, ঘটনাস্থলের এক কিলোমিটারের মধ্যে সমস্ত দোকানপাটের কর্মচারীদেরও। কেউ কিছু যদি মনে করতে পারেন, যা খেয়াল করেননি প্রথম বারের জেরায়।

দুই, এলাকার দু'-তিন কিলোমিটারের মধ্যে সমস্ত পিসিও বুথ চম্বে ফেলতে হবে। ঘটনার অন্তত কুড়ি দিন আগে থেকে খুনের দিন পর্যন্ত ফোনের রেকর্ড পরীক্ষা করে দেখতে হবে। এমএলএ হস্টেলে বাইরে থেকে কী কী ফোন এসেছিল কখন, রুম নম্বর ৩/১০-এ বটেই, অন্য সব রুমেও, জানতে হবে।

তিন, টিম পাঠানো হবে উত্তর দিনাজপুর এবং কিষানগঞ্জে। পার্টিকর্মীদের নানাভাবে জিজ্ঞাসাবাদ করলেও মুখ খুলছেন না কেউ। স্থানীয় স্তরে সোর্স লাগিয়ে খোঁজখবর নিতে হবে রমজানের পারিবারিক ব্যাপারে। বিষয়সম্পত্তি নিয়ে কোনও বিবাদ ছিল কি না, মৃত্যুতে

রাজনৈতিক ভাবে কেউ লাভবান হাতে পারত কি না, রমজান-তালাতের সম্পর্কে কতটা টানাপোড়েন ছিল ইত্যাদি।

3. Write an Essay on one of the following topics in Bengali [within 1000 - 1500 words] **30 marks.**

[চলিত বাংলায় ১০০০ - ১৫০০ শব্দের মধ্যে নিম্নলিখিত যে কোন একটি বিষয় সম্পর্কে নিবন্ধ রচনা কর]

(i) Emergency provisions of the Constitution of India with special reference to amendment made in Article 359.

[ভারতের সংবিধানের আপৎকালীন প্রবিধানগুলো - বিশেষভাবে অনুচ্ছেদ ৩৫৯-র সংশোধনীর উল্লেখসহ।]

(ii) The Judicial System and the rule of law

[বিচার ব্যবস্থা এবং আইনের শাসন]

4. Write a report in Bengali for news paper on any social issue of your choice drawing attention of the authority within 600 - 800 words.

20 marks.

[বাংলায় ৬০০ - ৮০০ শব্দের মধ্যে যে কোন সামাজিক বিষয় নিয়ে সংবাদ প্রতিবেদন রচনা কর]